যুগান্তর

৩/১১/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...



*গলাচিপা : আরজবেগী দাখিল মাদ্রাসার দুটি ঘর* —*যুগান্তর*

# আরজবেগী দাখিল মাদ্রাসায় উন্নয়নের কোন ছোঁয়া লাগেনি

**গলাচিপা প্রতিনিধি**

প্রতিষ্ঠাকাল থেকে ১৬ বছর পার হয়ে গেলেও দশমিনা উপজেলার দক্ষিণ আরজবেগী দাখিল মাদ্রাসায় কোন উন্নয়নের ছোঁয়া লাগেনি। অবকাঠামোগত সমস্যার কারণে পুরো শিক্ষা ব্যবস্থা বিপর্যয়ের মুখে। ৩টি টিনশেড ঘরের মধ্যে ২টিরই অবস্থা করুণ। একটিতে কোনমতে ক্লাস চালানো হয়। ৩টির মধ্যে একটির দরজা-জানালা নেই। এমনকি বেড়াও নেই। বৃষ্টি হলে পানিতে ভিজে যায় পুরো ক্লাস রুম। ফলে শিক্ষার্থীদের মারাত্মক দুর্ভোগ পোহাতে হয়। দশমিনা উপজেলার দক্ষিণ আরজবেগী দাখিল মাদ্রাসা ১৯৮৬ সালে স্থাপিত হয়। স্থানীয় দানশীল ব্যক্তিদের প্রচেষ্টা ও সহায়তায় এ মাদ্রাসা প্রতিষ্ঠিত হয়। চাঁদা তুলে নির্মাণ করা হয়েছিল ৩টি টিনশেড ঘর। দীর্ঘদিনে সংস্কার বা মেরামত করা সম্ভব না হওয়ায় এ ভগ্নদশায় পৌঁছেছে। এরই মধ্যে জীবনের ঝুঁকি নিয়ে শিক্ষক-শিক্ষার্থীরা ক্লাস করতে বাধ্য হচ্ছে। এ মাদ্রাসায় বর্তমানে ৩ শতাধিক ছাত্রছাত্রী অধ্যয়ন করছে। শিক্ষক-কর্মচারীর সংখ্যা ১৬ জন। মাদ্রাসা সুপার মোঃ জয়নাল আবেদিন জানান, গত অর্থবছরে এ এলাকার সাংসদ ও সাবেক বস্ত্র প্রতিমন্ত্রী আখম জাহাঙ্গীর হোসাইন ৫ হাজার টাকা সরকারি অনুদান প্রদানের ব্যবস্থা করেছিলেন। এছাড়া গত ১৬ বছরে এ মাদ্রাসার উন্নয়নে সরকারি-বেসরকারি কোন খাত থেকে অর্থ সাহায্য পাওয়া যায়নি। তিনি দুঃখ প্রকাশ করে জানান, ফ্যাসিলিটিজ বিভাগ প্রায় ২ বছর আগে মাদ্রাসা ভবন নির্মাণের জন্য একটি প্রতিষ্ঠানকে ঠিকাদার হিসাবে নিয়োগ করে কার্যাদেশ প্রদান করে। কাজ শেষ করার নির্দিষ্ট সময় অনেক আগে অতিবাহিত হলেও আজ পর্যন্ত কাজ শুরু করা হয়নি। ফ্যাসিলিটিজ বিভাগকে এ ব্যাপারে বারবার তাগিদ দিলেও কোন সুরাহা হয়নি।